


বিজ্ঞপ্তি

**The Stipendium Hungaricum Scholarship Programme for 2021-2022-এর
অনলাইন আবেদনের সময়সীমা বৃদ্ধি।**

হাঙ্গেরির Stipendium Hungaricum Scholarship Programme 2021-22 এর আওতায় আন্ডারগ্রাজুয়েটসহ বিভিন্ন পর্যায়ে অধ্যয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ে নিম্নোক্ত অনলাইন লিংকে আবেদনের সময়সীমা ১৫ জানুয়ারি ২০২১ তারিখ থেকে বৃদ্ধি করে ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ এবং হার্ডকপি জমাদানের সময়সীমা ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ পুনঃনির্ধারণ করা হলো।

অনলাইন আবেদন করার লিংক: <http://scholar.banbeis.gov.bd/hungary/>

- Online লিংকটি ০৭ ফেব্রুয়ারি, ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত খোলা থাকবে।
- আবেদনপত্রের Hard Copy সচিবালয়ের ২নং গেইট সংলগ্ন অভ্যর্থনা কক্ষে ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সকাল ১০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত জমা প্রদান করা যাবে। ২ নং গেইট ব্যতীত অন্য কোনো গেইটে আবেদন জমা না দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- বিশেষভাবে উল্লেখ্য, পূরণকৃত তথ্যছক ও ক্যাটাগরি অনুযায়ী প্রযোজ্য সার্টিফিকেট/মার্কশিট ও অন্যান্য যাবতীয় ডকুমেন্টের হার্ডকপি এবং পুলিশ ক্লিয়ার্যান্স সংগ্রহপূর্বক তার হার্ডকপি মন্ত্রণালয়ে জমা না দেওয়া হলে কোনো আবেদন বিবেচনা করা হবে না।
- অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়।
- প্রার্থীদের প্রাথমিক বাছাই চূড়ান্তকরণের ক্ষমতা এতৎসংক্রান্ত কমিটি সংরক্ষণ করে।


(মোঃ নূর-ই-আলম)
উপসচিব
ফোন : ০২ ৯৫১২২৪৫
ই-মেইল: ds_stp@moedu.gov.bd

অনুলিপি/ কার্যার্থে:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ঢাকা (বিজ্ঞপ্তিটি বিভাগের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান রোড (নীলক্ষেত-পলাশী), ঢাকা-১২০৫।
৫. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, আই.সি.টি.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারসহ কলেজ এবং বিশ্ববিদ্যালয়সমূহের গ্রুপ মেইলে প্রদানের অনুরোধ জানানো হলো)।
৭. অফিস কপি/ সংরক্ষণ